

পঞ্চম শ্রেণির গণিতের মডেল প্রশ্ন

সময়: ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান: ৮০

১। সংক্ষেপে উত্তর দাও (যেকোনো ১০টি)

[২০×১=২০]

ক) ১ থেকে ১০ এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা আছে লেখো।

খ) ৪ এর ৫টি গুণিতক লেখ।

গ) ১২ এর ৫টি গুণনীয়ক লেখ।

ঘ) প্রকৃত ভগ্নাংশ কী?

ঙ) $\frac{8}{10}$ এর লঘিষ্ঠ রূপ লেখো।

চ) $\frac{3}{10}$ কে দশমিকে লেখো।

ছ) গুণনীয়কের অপর নাম লেখ

জ) $২.৩+১.২=$ কত?

ঝ) ১ কিলোমিটার = কত মিটার?

ঞ) ৩ ঘণ্টা = কত মিনিট?

ট) সমবাহু ত্রিভুজের প্রতিটি কোণের মান কত?

ঠ) ১৫ কেজি আলুর দাম ৩০০ টাকা হলে ১ কেজি আলুর দাম কত ?

ড) বর্গের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লেখ।

ঢ়) $\frac{3}{10} = \frac{30}{?}$

ণ) $\frac{2}{3}, \frac{2}{9}, \frac{2}{8}, \frac{2}{5}$ কে ছোট থেকে বড় সাজিয়ে লেখ এবং চিহ্ন ব্যবহার করে দেখাও।

২। নিচের প্রশ্নগুলো থেকে যে কোনো ৬টি প্রশ্নের উত্তর লেখো?

[৭×৬=৪২]

(ক) দুইটি ঘণ্টার মধ্যে ক ঘণ্টাটি ৪ মিনিট অন্তর এবং খ ঘণ্টাটি ১২ মিনিট অন্তর বাজে। ঘণ্টা দুটি দুপুর ২টায় একত্রে বাজে। পরবর্তী কোন সময়ে ঘণ্টা দুইটি একত্রে বাজবে?

(খ) ২১৩০ মিটার লম্বা একটি তারকে ৭১টি সমানভাগে ভাগ করা হলে প্রতিভাগের দৈর্ঘ্য কত মিটার হবে?

(গ) হিসাব কর: $\frac{২}{৯} - \frac{২}{৮} + \frac{২}{৫}$

(ঘ) উমার ও আম্মার দুই ভাই। উমারের বয়স ১৪ বছর ৫ মাস এবং আম্মারের বয়স ৯ বছর ৯ মাস। তাদের বয়সের পার্থক্য কত?

(ঙ) 'ক' এর বাড়ি বিদ্যালয় থেকে $\frac{২}{৭}$ মিটার উত্তরে। 'খ' এর বাড়ি বিদ্যালয় থেকে $\frac{৫}{৯}$ মিটার দক্ষিণে। বিদ্যালয় থেকে কার বাড়ি নিকটবর্তী ?

(চ) গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৪২.৩২ ডিগ্রি সেলসিয়াস। আজকের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪.৮৭ ডিগ্রি সেলসিয়াস। গতকালের তাপমাত্রা আজকের তুলনায় কত বেশি ?

(ছ) নিচের দুটি সংখ্যাকে ১০ দ্বারা গুণ এবং ভাগ কর:

৭.৩২, ০.৫৩

৩। নিচের প্রশ্নটির উত্তর দাও:

একজন কৃষক তার সবজি ক্ষেতের $\frac{১}{৮}$ অংশে আলু, $\frac{১}{৩}$ অংশে বেগুন এবং $\frac{১}{২}$ অংশে শসা চাষ করেন।

(ক) কৃষক তার ক্ষেতের মোট কত অংশে চাষ করেছে ? [৫]

(খ) কৃষকের সবজি ক্ষেতের আর কত অংশ খালি আছে ? [৫]

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও (যে কোনো ২টি): [৪×২=৮]

(ক) বিষমবাহু ত্রিভুজের সংজ্ঞা দাও ও চিত্র এঁকে দেখাও।

(খ) সমকোণী ত্রিভুজ কাকে বলে? এঁকে চিহ্নিত কর।

(গ) সমবাহু ত্রিভুজের সংজ্ঞা দাও এবং এঁকে চিহ্নিতকরণ কর।